

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
মাদরাসা শিক্ষা অধিদপ্তর
সহকারী পরিচালক (সরকারি ও সিনিয়র মাদ্রাসা)
www.dme.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার
বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.০৩.০৩১.১৮.১৬০

তারিখ: ১২ বৈশাখ ১৪২৫
২৫ এপ্রিল ২০১৮

বিষয়: নাটোর জেলার সদর উপজেলাধীন হয়বতপুর গোলাম ইয়াছিনিয়া ফাজিল মাদরাসার গভর্নিং বডিতে বিদ্যোৎসাহী সদস্য (ডিজির প্রতিনিধি) মনোনয়ন প্রসঙ্গে।

সূত্র: (১) হয়বতপুর গোলাম ইয়াছিনিয়া ফাজিল মাদরাসার স্মারক নং-হ/গো/ই/ফা/মা/না/নং-০০১১৭
তারিখ: ১০.০৩.২০১৮ খ্রি.
(২) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শিম/শাঃ২৪/বিবিধ-২-৮/২০০৮ (অংশ)/২৭৪
তারিখ: ০৯.০৯.২০১৫ খ্রি

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, হয়বতপুর গোলাম ইয়াছিনিয়া ফাজিল মাদরাসার গভর্নিং বডিতে মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক একজন বিদ্যোৎসাহী সদস্য মনোনয়নের নিমিত্ত সূত্রোক্ত ১ নং স্মারকের মাধ্যমে মহোদয় কর্তৃক ০৩ (তিন) জনের নামের প্রস্তাব সম্বলিত একটি আবেদন দাখিল করা হয়েছে।

০২. দাখিলকৃত আবেদন ও আবেদনের সাথে সংযুক্ত কাগজপত্র ও তথ্যাদি পর্যালোচনায় দেখা যায় -

(ক) বিদ্যোৎসাহী সদস্য প্রাপ্তির নিমিত্ত প্রস্তাবিত তালিকার ১ম ব্যক্তি জনাব ফকির মোহাম্মদ আ: মান্নান বি.এ ডিগ্রীধারী একজন ব্যক্তি। তিনি (জনাব ফকির মোহাম্মদ আ: মান্নান) অত্র মাদরাসার অযুথানা নির্মাণকল্পে নগদ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা দান করেন, মাদরাসার দাপ্তরিক কাজকর্ম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য একটি কম্পিউটার প্রদান করেন এবং শিক্ষার্থীদের লেখা পড়ার বিষয়ে সার্বক্ষণিক খোঁজ-খবর রাখেন মর্মে মাদরাসার অধ্যক্ষ কর্তৃক দাখিলকৃত আবেদনের সাথে সংযুক্তি পত্রে উল্লিখিত হয়েছে বিধায় বর্ণিত মাদরাসায় তিনি (জনাব ফকির মোহাম্মদ আ: মান্নান) বিদ্যোৎসাহী সদস্য হিসেবে কার্যকর ভূমিকা পালন করতে পারবেন মর্মে প্রতীয়মান হয়।

(খ) তাঁর (জনাব ফকির মোহাম্মদ আ: মান্নান) অনুকূলে সভাপতি ও অধ্যক্ষ, হয়বতপুর গোলাম ইয়াছিনিয়া ফাজিল মাদরাসা এর সুপারিশ রয়েছে।

০৩. এমতাবস্থায় বর্ণিত বিষয়গুলো বিবেচনায় এনে সূত্রোক্ত ২নং স্মারকের ১৬ নং অনুচ্ছেদে (ফাযিল ও কামিল মাদরাসায় বিদ্যোৎসাহী সদস্য পদে মহাপরিচালকের প্রতিনিধি মনোনয়ন দান) বর্ণিত ক্ষমতা বলে জনাব ফকির মোহাম্মদ আ: মান্নান, পিতা: মৃত- শমেজ উদ্দিন, গ্রাম: ইব্রাহিমপুর, ডাক: লক্ষিপুর হাট উপজেলা: সদর, জেলা: নাটোর -কে উক্ত মাদরাসার গভর্নিং বডির বিদ্যোৎসাহী সদস্য হিসেবে নির্দেশক্রমে মনোনয়ন দেয়া হলো।



২৬-৪-২০১৮

মোঃ আফাজ উদ্দিন
সহকারী পরিচালক
ফোন: ৪১০৩০১৬৭
ফ্যাক্স: ৪১০৩০১৬৭

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

হয়বতপুর গোলাম ইয়াছিনিয়া ফাজিল মাদরাসা ডাক:
লক্ষিপুর হাট উপজেলা: সদর, জেলা: নাটোর।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.০৩.০৩১.১৮.১৬০/১(৩)


তারিখ: ১২ বৈশাখ ১৪২৫
২৫ এপ্রিল ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলঃ

১) রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ধানমন্ডি, ঢাকা।

২) সভাপতি, হয়বতপুর গোলাম ইয়াছিনিয়া ফাজিল মাদরাসা ডাক: লক্ষিপুর হাট উপজেলা: সদর, জেলা: নাটোর।

৩) জনাব ফকির মোহাম্মদ আ: মান্নান, পিতা: মৃত- শমেজ উদ্দিন, গ্রাম: ইব্রাহিমপুর, ডাক: লক্ষিপুর হাট উপজেলা: সদর, জেলা: নাটোর।



২৬-৪-২০১৮

মোঃ আফাজ উদ্দিন
সহকারী পরিচালক